



ভারত-পাকিস্তান যুদ্ধ বন্ধ করেও নোবেল পাইনি: ট্রাম্প



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ভারত ও পাকিস্তানের মধ্যে যুদ্ধ থামাতে ভূমিকা রাখার দাবি আবারও করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে এমন উদ্যোগের পরও নোবেল শান্তি পুরস্কার না পাওয়ায় হতাশা প্রকাশ করেছেন তিনি।

আগামী ৩ নভেম্বরের মধ্যবর্তী নির্বাচন সামনে রেখে শুক্রবার (২৩ অক্টোবর) ফ্লোরিডায় এক নির্বাচনী সমাবেশে এসব কথা বলেন ট্রাম্প।

তিনি দাবি করেন, ২০২৫ সালে ভারত-পাকিস্তান সংঘাত বড় আকার ধারণ করার আগেই হস্তক্ষেপ করেছিলেন তিনি। দুই দেশের ওপর সর্বোচ্চ ২৫০ শতাংশ বাণিজ্য শুল্ক আরোপের হুমকি দিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন বলেও দাবি করেন মার্কিন প্রেসিডেন্ট।

ট্রাম্প বলেন, ভারত ও পাকিস্তান—দুই দেশই পারমাণবিক শক্তিদ্বার। বাণিজ্য বন্ধ করে দেওয়ার হুমকি দেওয়ার পর তারা গুলি চালানো বন্ধ করে এবং যুদ্ধের অবসান ঘটে। এভাবে তিনি আটটি ‘যুদ্ধ’ থামিয়েছেন বলেও দাবি করেন।

নিজের কথিত কূটনৈতিক সাফল্যের প্রসঙ্গ টেনে ট্রাম্প বলেন, ‘আমি কি নোবেল পুরস্কার পেয়েছি? না।’

গত বছর পেহেলগামে সন্ত্রাসী হামলার পর ভারত ও পাকিস্তানের মধ্যে সংঘাত বন্ধে ভূমিকা রাখার দাবি একাধিকবার করেছেন ট্রাম্প। তবে সংঘাত নিরসনে তৃতীয় কোনো পক্ষের মধ্যস্থতার বিষয়টি বরাবরই অস্বীকার করে আসছে ভারত।

সূত্র: ইন্ডিয়া টুডে